বাংলাদেশীকে ধরার কথা স্বীকার করেনি বিএসএফ

মেহেরপুর সদর উপজেলার শোলমারী সীমান্তের কাঁটাতারের বেড়ার কাছে থেকে মিলন আলী নামের এক বাংলাদেশীকে ধরে নিয়ে গেছে বিএসএফ সদস্যরা এমন খবরের পর বিজিবি -বিএসএফ পতাকা বৈঠকে বিএসএফ ধরে নিয়ে যাওয়াও কথা স্বীকার করেনি।

শুক্রবার সকাল ১১টার দিকে শোলমারী খাঞ্জিরপুর সীমান্ত এলাকার জিরো পয়েন্টে বিজিবি-বিএসএফ পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। এতে বিএসএফ কে বিজিবির পক্ষ থেকে বিষয়টি জানানো হলে তারা অস্বীকার করেন।

শোলমারী বিজিবি ক্যাম্প কমান্ডার সুবেদার আব্দুল মান্নান জানান, পতাকা বৈঠকে বিএসএফ তাকে ধরে নিয়ে যাওয়ার বিষয়টি অস্বীকার করেছেন। তিনি আরো জানান, ঘটনার দিন বিকেলে মিলনা তার পরিবারের সাথে ঝগড়া করে । এ কারণে অভিমান করেও সে বাড়ি থেকে চলে যেতে পারে বলে তিনি ধারণা করছেন।

গত মঙ্গলবার দিবাগত রাতে ভারতের করিমপুর থানার নন্এদনপুর বিএসএফ ক্যাম্পের সদস্যরা ধরে নিয়ে গেছে বলে জানিয়েছে মিলনের পরিবার। এঘটনার পর থেকে বিজিবি ওই বাংলাদেশীকে ফেরত চেয়ে চিঠি দিয়েছে। আজ বৃহস্পতিবার উভয় পক্ষের মধ্যে পতাকা বৈঠকের কথা রয়েছে।

আটক বাংলাদেশী মিলন আলী শোলমারী গ্রামের বিশ্বাস পাড়ার মার্জেন আলীর ছেলে। তবে এ ঘটনার পর থেকে মিলন আলী বাড়িতে ফিরেনি এবং তাকে কোথাও খুজে পাওয়া যায়নি।

মেপ্র/ইএম

আরো পড়ুন: মেহেরপুরের শোলমারী সীমান্ত থেকে এক বাংলাদেশীকে ধরে নিয়ে গেছে বিএসএফ !

বাসরের ফুল কিনতে গিয়ে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল হবু বরের

রাত পোহালেই বিয়ে, প্রস্তুতিও প্রায় শেষ। এমনই সময় বাড়িতে খবর এলো সড়ক দুর্ঘটনায় হবু বর তন্ময় বিশ্বাসের মৃত্যু হয়েছে।

ঘটনাটি ঘটেছে ঝিনাইদহ শহরের কলাহাট এলাকায় বৃহস্পতিবার রাত ৮টার দিকে।

নিহত তন্ময় বিশ্বাস সদর উপজেলার কলোমনখালি গ্রামের গোলাম নবীর ছেলে। তার মৃত্যুতে বর ও কনে পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

নিহতের পরিবার সূত্রে জানা যায়, আগামীকাল জেলা সদরের হাট-বাকুয়া গ্রামের একটি মেয়ের সঙ্গে বিয়ে হওয়ার কথা ছিল তন্ময় বিশ্বাসের। বাড়িতে প্রস্তুতিও প্রায় শেষ। এমন সময় সে ঝিনাইদহ শহরে আসছিল বাসর ঘরের ফুল কিনতে। হঠাৎ রাত ৮টার দিকে খবর এলো সে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিস কর্মকর্তা রউফ মোল্লা জানান, মোটরসাইকেল ঠেকিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে ছিল তন্ময় বিশ্বাস। এ সময় অজ্ঞাত যান তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই সে মারা যায়। পরে লাশটি সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

মেপ্র/ইএম

আরো পড়ুন: মুজিবনগরে গৃহবধুকে শ্বাসরোধ করে হত্যার অভিযোগ

চুয়াডাঙ্গার নীলমণিগঞ্জে শীতবস্ত্র বিতরণ

চুয়াডাঙ্গা সদর উপজেলা নীলমণিগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়ে স্থানীয় হত দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে এলাকার ৫০০ শীতার্ত মানুষের হাতে কম্বল তুলে দেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

বেসরকারি সংস্থা বুরো বাংলাদেশের আয়োজনে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ সাদিকুর রহমান, মোমিনপুর ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার, বুরো বাংলাদেশের পাবনা বিভাগীয় ব্যবস্থাপক সাইদুর রহমান রিপন ও কুষ্টিয়া আঞ্চলিক ব্যবস্থাপক আবুল হোসেন মিঞা।

মেপ্র/ আরপি

ঝিনাইদহ সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে দিনব্যাপী চাকরী মেলা

‘দক্ষতা নিজের সম্পদ, দক্ষ জনশক্তি দেশের সম্পদ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে চলছে দিনব্যাপী চাকরী মেলা।

বৃহস্পতিবার সকালে সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে এ মেলার উদ্বোধন করা হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় টিটিসি’র অধ্যক্ষ রুস্তম আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ র্যাব ক্যাম্পের কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম, সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল, জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিসের সহকারী পরিচালক সবিতা রানী মজুমদার।

এছাড়াও বক্তব্য রাখেন, স্ট্যান্ডার্ড গ্রুপের এইচ আর এ্যাডমিন আশরাফুল আলম, জামান জুট ডিভারশিফড মিলস’র ম্যানেজার আবুল বাসেদ প্রমুখ।

আয়োজকরা জানান, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের আয়োজনে দিনব্যাপী এ মেলায় প্রাণ, আরএফএল, এসিআই গ্রুপ, স্ট্যান্ডার্ড গ্রুপসহ দেশের ১৪ টি কোম্পানী এখানে স্টল প্রদর্শণ করে।

টিটিসি থেকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করা বেকার যুবক যুবতীরা তাদের যোগ্যতা অনুযায়ী আবেদন করেন।

কোম্পানীগুলো স্বাক্ষাতকার গ্রহণ ও তাদের যোগ্যতা যাচাই করে কোম্পানীর শুন্যপদে নিয়োগ প্রদাণ করেন।

দিনব্যাপী এ চাকরী মেলায় জেলার ৬ টি উপজেলা থেকে আসা ২ শতাধিক বেকার যুবক-যুবতীর কর্মসংস্থানের ব্যবস্থা হয় বলে জানিয়েছেন আয়োজকরা।

মেপ্র/ আরপি

জালনোট প্রতিরোধে মেহেরপুরে সচেতনতা মূলক কর্মশালা

বাংলাদেশ ব্যাংকের আয়োজিত জালনোট প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিমূলক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় মেহেরপুরের গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

বিশেষ অতিথি ছিলেন, বাংলাদেশ ব্যাংকের খুলনা বিভাগীয় উপ মহাব্যবস্থাপক মোঃ আলাউদ্দীন হোসেন ও গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম।

মেপ্র/ আরপি

[redacted]

[redacted]

[redacted]

[

করে হত্যার অভিযোগ

মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামে সালমা (২০) নামের এক পুত্রবধূর লাশ উদ্ধার করেছে পুলিশ।
বুধবার রাত দশটার দিকে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামে নিজ বাড়ি থেকে তার লাশ উদ্ধার করা হয় ।
সালমা কোলা গ্রামের মোঃ শফিকুল ইসলামের মেয়ে ।

মুজিবনগর সোনাপুর নিজ বাড়িতে পুত্রবধূর লাশ রয়েছে এমন সংবাদ পেয়ে লাশ উদ্ধার করে পুলিশ ।

শ্বশুর মোঃ হেকমত আলী একজন কৃষক ও শাশুড়ি মোছা: আরোবি খাতুন। স্বামী হিরন বলেন আমার স্ত্রী বাচ্চা না হওয়ার কারণে বাবা,মা সমস্যা করতো। আমার বাবা-মা বলতো তোর বউ একটা খারাপ মেয়ে এর কখনো বাচ্চা হবে না ।

আমি একজন দিন মজুর বেকারিতে কাজ করি। বাড়িতে আমার স্ত্রী একা থাকে তখন আমরা আমার বাবা-মা আমার স্ত্রী ওপর অত্যাচার করে।

গতরাতে আমি কাজ থেকে বাড়ি ফিরে রাত দশটার সময় দেখি আমার স্ত্রী সালমা লাশ গলায় ওড়না পেচিয়ে ঝুলছে।
আমি বাবা,মা কে জিজ্ঞেস করলে তারা কোন কিছু উত্তর করেনি বলে আমরা কিছু জানি না।

এস আই পলাশ কুমার রায় বলেন তদন্ত ফলাফল হাত না পাওয়া পযন্ত কিছু বলা যাচ্ছেনা।

এলাকা বাসীর কাছ থেকে আর জানা যাই শ্বশুর হেকমত আলী পুএবধূকে কু প্রস্তাব দেওয়া রাজি না হওয়ায় তাকে শ্বাস রোধ করে হত্যা করেছে বলে অভিযোগ গ্রাম বাসীর।শ্বশুর হেকমত আলী ও শাশুরি আরবি খাতুন পালাতক বলে জানা যায়।

আমার বিয়ে বয়স ২ বছর। গত ৭/৮ মাস থেকে আমার বাবা মা আমার স্ত্রীর উপর অত্যাচার করতো বাচ্চা না হওয়ার কারনে।

মেপ্র/একেপি

আরো পড়ুন: বাসরের ফুল কিনতে গিয়ে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল হবু বরের

[redacted]

[redacted]

বলে জানায় ক্ষুদে বিজ্ঞানী নোমান।

এর আগে রোবট প্রদর্শন করে গাংনী উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়। এর ধারাবাহিকতায় জেলা চ্যাম্পিয়ন হয়ে এখন বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশ গ্রহণের যোগ্যতা অর্জন করেছে ক্ষুদে বিজ্ঞানী নোমান। আবিষ্কারের নেশার পাশাপাশি লেখাপাড়াতেও ভালো করছে সে। ২০১৯ সালে প্রাথমিক সমাপনী পরীক্ষায় ট্যালেন্টপুলে বৃত্তি পায় নোমান।

এ প্রসঙ্গে নোমানের গর্বিত পিতা জাবলুন্নবী বলেন, ছেলে সব সময় আবিষ্কার নিয়েই ব্যস্ত থাকে। এটা এক প্রকার নেশায় পরিণত হয়েছে। লেখাপড়ার পাশাপাশি তার এই কাজের আগ্রহ থাকায় আমরাও তাকে সহযোগিতা করছি।

বিভাগীয় ও জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার মধ্য দিয়ে নোমানের এই প্রজেক্ট দেশের কাজে লাগবে এমন আশা নিয়ে সকলের কাছে ছেলের জন্য দোয়া কামনা করেন তিনি।

মেপ্র/ইএম

গাংনীর সাহেবনগর থেকে ৩৫ বোতল ফেন্সডিল সহ আটক-১

মেহেরপুরের গাংনী উপজেলার সাহেবনগর গ্রাম থেকে ৩৫ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে তাকে আটক করা হয়। আটককৃত হলো উপজেলার কাজিপুর গ্রামের মধ্যো পাড়ার ইনামুলের ছেলে সাইফুল ইমলাম (৩০)।

পুলিশ সুত্রে প্রকাশ, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় মাদক পাচারকারী সাইফুল ইসলাম মাদক বিক্রয়ের উদ্দেশ্যে সাহেবনগর দক্ষিণ পাড়ায় অবস্থান করছে।

এমন সংবাদের ভিত্তিতে এসআই অজয় কুমার ও এ এস আই আহম্মেদ আলি সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এসময় তার কাছ থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, আটক মাদক ব্যবসায়ী সাইফুল ইসলামকে মাদক মামলা দায়ের পূর্বক মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেপ্র/ আরপি

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিদায় ও বরণ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ বিদায় ও বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকেল ৪টার সময় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা কর্মচারিবৃন্দদের আয়োজনে অনুষ্ঠিত বিদায় ও বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিদায়ি সিভিল সার্জন থেকে পদন্নতি প্রাপ্ত স্বাস্থ্য অধিদপ্তরের উপ- পরিচালক ডা. শামীম আরা নাজনীন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো: রিয়াজুল আলম এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সদ্য যোগদানকৃত সিভিল সার্জন ডা. মো: নাসির উদ্দিন, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দাস, বিদায়ী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মাহাবুবুর রহমান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান অফিস সহকারি মো: আসাদুল ইসলাম লিটন।

ইপিআই কর্মকর্তা আব্দুর রশীদের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আবাসিক মেডিকেল অফিসার ডা. বুধাদিপ্ত দাস।

মানপত্র পাঠ করেন ডা. শাকিলা আফরোজ ও ডা. সাদনান সাকিব।

অনুষ্ঠানের শুরুতে কুরআন তেলাওয়াত ও তরজমা করেন মওলানা আজমাইন হোসেন।

মেপ্র/ আরপি